

Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 10 April, 2025

মানিকগঞ্জের শিবালয় উপজেলার ষাটঘর তেওতা গ্রামের যুবক জুলহাস মোল্লার নিজের তৈরি আরসি বিমান মেরামতে আর্থিক সহযোগিতা দিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান।

বৃহস্পতিবার (১০ এপ্রিল) রাজধানীর গুলশানে বিএনপি চেয়ারপারসনের রাজনৈতিক কার্যালয়ে এক অনুষ্ঠানে তাকে সহযোগিতা প্রদান করা হয়।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, জুলহাসরা তাদের মেধার বিকাশ ঘটানোর সুযোগ রাষ্ট্রীয়ভাবে পায় না। কিন্তু এই রকম জুলহাসরা সারা দেশে ছড়িয়ে-ছিটিয়ে আছে। গ্রাম অঞ্চলে এই রকম মেধাবীরা রয়েছে, যারা নিজেদের বিকশিত করতে পারে না।

তিনি বলেন, জুলহাসের মতো মেধাবীদের খুঁজে পেলে আমাদের জানাবেন। যারা রাষ্ট্রীয় সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত, তাদের আমাদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান সহযোগিতা করবেন।

এ সময় জুলহাস মোল্লা তাকে সহযোগিতা করার জন্য তারেক রহমানকে ধন্যবাদ জানান। তিনি বলেন, আমি সবসময় তারেক রহমানের কাছে কৃতজ্ঞ থাকব।

আমরা বিএনপি পরিবারের আহ্বায়ক আতিকুর রহমান রুমন বলেন, জুলহাস যখন বিমানটি তৈরি করেছিল, তখন আমরা তারেক রহমানের নির্দেশে ছুটে গিয়েছিলাম। তখন আমরা তাকে উৎসাহ দিয়েছিলাম। একই সঙ্গে কথা দিয়েছিলাম জুলহাস মোল্লার পাশে সবসময় থাকব।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা আফরোজা খান রিতা।

তারেক রহমান বিএনপি রাজনীতিবিদ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 16:29

URL: <https://timestodaybd.com/politics/567775807>